সমকাল

08 JUL 2025

বাড়তি শুল্ক ভিয়েতনামের সমপর্যায়ে নামাতেই হবে

বিশ্লেষণ

ড. মোস্তাফিজুর রহমান

অতিরিক্ত শুল্ক আরোপ করে গত এপ্রিলে যুক্তরাষ্ট্রের ঘোষণার পর আলোচনার জন্য সময় চেয়ে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস সম্প্রতি মার্কিন প্রেসিডেন্টকে চিঠি দিয়েছেন। যুক্তরাষ্ট্রও স্বীকার করেছিল, যেসব দেশ দ্রুতই তাদের সঙ্গে যোগাযোগ করেছে, বাংলাদেশ তাদের অন্যতম। এর পর তিন মাস ধরে আলোচনা চলেছে। কিন্তু ফল হতাশাজনক। প্রস্তাবিত ৩৭ শতাংশ শুল্ক মাত্র ২ শতাংশ কমিয়ে ৩৫ শতাংশ নির্ধারণ করেছে। ফলে বর্তমানে গড়ে ১৫ শতাংশ শুল্কের সঙ্গে আরও ৩৫ শতাংশ যোগ হয়ে ১ আগস্ট থেকে বাংলাদেশের

মোস্তাফিজুর রহমান

> আমরা কেন ভিয়েতনামের মতো সমঝোতা করতে পারলাম না? এর উত্তর সরকারের কাছেই আছে

পণ্যে মোট ৫০ শতাংশ শুল্ক কার্যকর করতে যাচ্ছে যুক্তরাষ্ট্র। এ সিদ্ধান্ত কার্যকর হলে মার্কিন বাজারে বাংলাদেশের রপ্তানি, বিশেষ করে তৈরি পোশাক খাত ব্যাপক প্রতিকূল পরিস্থিতির মুখোমুখি হবে। প্রতিদ্বন্দ্বী দেশ ভিয়েতনামের সঙ্গে যুক্তরাষ্ট্রের ইতোমধ্যে একটি সমঝোতা হয়েছে, যার আওতায় তাদের পণ্যে মাত্র ২০ শতাংশ শুল্ক বসবে। অর্থাৎ আমাদের পণ্যের ওপর অতিরিক্ত ১৫ শতাংশ শুল্ক থাকছে, যা প্রতিযোগিতায় টিকে থাকা কঠিন করে তুলবে। যদি প্রতিদ্বন্দ্বী অন্য কোনো দেশ এমন সুবিধা বাগিয়ে নেয়, তা আরও বড় সমস্যা তৈরি করবে।

নতুন শুল্কহার কার্যকর হলে যুক্তরাষ্ট্রভিত্তিক ব্র্যান্ডগুলোর যারা বাংলাদেশ থেকে পোশাক আমদানি করে, তারা হয়তো প্রাথমিকভাবে অতিরিক্ত শুল্কের একটা ছোট অংশ নিজেরা বহন করবে এবং বাকিটা চাপিয়ে দেবে রপ্তানিকারকের ওপর। ফলে রপ্তানিকারকরা পণ্যের দাম কমাতে বাধ্য হবেন। তবে দীর্ঘ মেয়াদে এ ব্যবস্থা টিকবে না। শেষ পর্যন্ত ব্র্যান্ডগুলো ভিয়েতনাম বা এমন দেশেই চলে যাবে, যেখানে কম খরচে পণ্য পাবে।

এখন প্রশ্ন ওঠে– আমরা কেন ভিয়েতনামের মতো সমঝোতা করতে পারলাম না? এর সুনির্দিষ্ট উত্তর সরকারের কাছেই আছে। কারণ, যুক্তরাষ্ট্রের প্রস্তাবিত সমঝোতার খসড়া গোপন রাখার শর্ত ছিল। তবে চাইলে সরকার একটি 'সমঝোতা দল' গঠন করে বিষয়টি নিয়ে পেশাদার ও অংশগ্রহণমূলক আলোচনা করতে পারত।

আমরা জানি না, যুক্তরাষ্ট্রের শুল্কছাড় ছাড়াও কোনো অশুল্ক দাবি ছিল কিনা। বাংলাদেশ এর আগে স্ক্র্যাপ লোহা, সয়াবিন, এলএনজি ও তুলার মতো প্রধান আমদানীকৃত মার্কিন পণ্যে শূন্য শুল্ক আরোপ করেছে বা করতে চেয়েছে। তা সত্ত্বেও যুক্তরাষ্ট্র হয়তো আরও কিছু চেয়েছে; যেমন– তাদের বিনিয়োগকারীদের জন্য বাংলাদেশে নীতিগত সুবিধা বা সরকারি ক্রয়ে বিশেষ সুযোগ। এসব বিষয়ে যুক্তরাষ্ট্রকে কোনো প্রতিশ্রুতি দেওয়া হলেও তা হয়তো তাদের কাছে যথেষ্ট মনে হয়নি। আবার হতে পারে, যুক্তরাষ্ট্র চেয়েছে– তাদের পণ্যগুলোর ক্ষেত্রে শূন্য শুল্কছাড় দেওয়া হোক, যা বিশ্ব বাণিজ্য সংস্থার নিয়মের পরিপন্থি। এমন শর্তে সরকার হয়তো রাজি হয়নি; কিন্তু ভিয়েতনাম রাজি হয়েছে।

তবে এখনও সব শেষ হয়ে যায়নি। ১ আগস্ট পর্যন্ত আমাদের হাতে তিন সপ্তাহ সময় আছে। এ সময়ের মধ্যে যদি আলোচনার মাধ্যমে অন্তত ভিয়েতনামের মতো একটি সমঝোতায় পৌঁছানো যায়, তাহলে সেটাই হবে "মন্দের ভালো"। প্রয়োজনে কিছু অতিরিক্ত সুবিধা দিয়ে যুক্তরাষ্ট্র থেকে অতিরিক্ত কিছু ছাড় আদায়ের চেষ্টা করা যেতে পারে।

যেহেতু সরকার এখনও পরিষ্কার করেনি, যুক্তরাষ্ট্রকে কী কী সুবিধার প্রস্তাব দেওয়া হয়েছে, আমরা কেবল অনুমান করতে পারি– মূলত শুল্কছাড় ও নীতিগত সুবিধার কিছু প্রস্তাব দেওয়া হয়েছিল। কিন্তু যুক্তরাষ্ট্রের হয়তো আরও স্পষ্ট, সময় সীমাবদ্ধ ও বাস্তবায়নযোগ্য প্রতিশ্রুতি চেয়েছে। সরকারি ক্রয়ে হয়তো অগ্রাধিকার চেয়ে থাকতে পারে। সমস্যা হলো, আমাদের আরও কয়েকটি উন্নয়ন সহযোগী দেশকে সঙ্গে নিয়ে চলতে হবে। তাদের স্বার্থের দিকটিও বিবেচনায় রাখতে হবে।

সব মিলিয়ে সামনের সময় খুবই গুরুত্বপূর্ণ। এ সময়ে আলোচনার কৌশল, প্রস্তুতি ও নেতৃত্ব– সবকিছুই হতে হবে সুপরিকল্পিত। শুধু যুক্তরাষ্ট্র নয়, অন্যান্য সম্ভাব্য বাজারের দিকেও আমাদের দৃষ্টি রাখতে হবে, যাতে কোনো একটি দেশের সিদ্ধান্ত আমাদের রপ্তানি সক্ষমতাকে হুমকির মুখে না ফেলে। বিশেষত আমরা উৎপাদন বাড়াতে পারলে খরচ কমিয়ে অতিরিক্ত শুল্কহারে চাপ কমানোরও চেষ্টা করতে পারি।

লেখক: অধ্যাপক মোস্তাফিজুর রহমান, সম্মাননীয় ফেলো, সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)

08 JUL 2025 সমকাল

যুক্তরাষ্ট্রে পণ্য রপ্তানিতে আবার শুল্কের অস্বস্তি

■ সমকাল প্রতিবেদক

যুক্তরাষ্ট্রে পণ্য রপ্তানিতে নতুন করে অস্বস্তি তৈরি হয়েছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অতিরিক্ত ৩৫ শতাংশ শুল্ক আরোপের চিঠি এই অস্বস্তির কারণ। বাংলাদেশসহ ১৪ দেশের পণ্যে বিভিন্ন হারে এবার শুল্ক আরোপ করে একযোগে চিঠি দিয়েছে যুক্তরাষ্ট্র। সেখানে মূল প্রতিযোগী দেশ চীন, ভিয়েতনাম, ভারত ও পাকিস্তানের নাম নেই। এটি বাংলাদেশের জন্য অসম প্রতিযোগিতার ইঙ্গিত দেয়। যুক্তরাষ্ট্রে বাংলাদেশের পোশাকের রপ্তানি কমলে দেশের পোশাক খাতে এর বড় প্রভাব পড়বে।

গতকাল মঙ্গলবার প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের কাছে পাঠানো প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের এক চিঠিতে যুক্তরাষ্ট্রের বাজারে প্রবেশে বাংলাদেশের পণ্যে ৩৫ শতাংশ শুল্ক আরোপের কথা জানানো হয়। আগামী ১ আগস্ট থেকে নতুন এই শুল্ক আরোপ হওয়ার কথা। নতুন এ হার কার্যকর হলে বাংলাদেশের পোশাকে শুল্ক দাঁড়াবে ৫১ শতাংশে। এর আগে গত ২ এপ্রিল যুক্তরাষ্ট্রের বাজারে প্রবেশে ৬০ দেশের পণ্যে সর্বোচ্চ ৫০ শতাংশসহ বিভিন্ন হারে শুল্ক আরোপের ঘোষণা দেন প্রেসিডেন্ট ট্রাম্প। তখন বাংলাদেশের পণ্যে ৩৭ শতাংশ শুল্ক আরোপের কথা বলা হয়, যা কার্যকর হওয়ার কথা ছিল ৯ এপ্রিল। কার্যকরের দিন তিন মাসের জন্য দেশভিত্তিক বাড়তি শুল্ক আরোপ স্থগিত করা হয়। তিন মাসের এ শুল্ক বিরতির সময়সীমা শেষ হওয়ার আগে বাংলাদেশসহ ১৪ দেশের ওপর নতুন করে শুল্কহার নির্ধারণ করেছেন ডোনাল্ড ট্রাম্প।

ট্রাম্পের আরোপিত নতুন শুল্ক

- সরকারের উদ্যোগ যথেষ্ট নয় লবিষ্ট নিয়োগ চান রপ্তানিকারকরা
- ইউএসটিআর-বাংলাদেশ বৈঠক আজ
- দরকষাকষির মাধ্যমে যুক্তরাষ্ট্রের শুল্ক ঠিক হবে: অর্থ উপদেষ্টা

দেশ	নতুন শুল্ক (%)	আগের শুল্ক (%)
জাপান	২৫	২৪
দ. কোরিয়া	২৫	২৫
লাওস	৪০	৪৮
মালয়েশিয়া	২৫	২৪
মিয়ানমার	৪০	৪৪
দ. আফ্রিকা	৩০	৩০
কাজাখস্তান	২৫	২৭
বাংলাদেশ	৩৫	৩৭
বসনিয়া	৩০	৩৫
কম্বোডিয়া	৩৬	৪৯
ইন্দোনেশিয়া	৩২	৩২
সার্বিয়া	৩৫	৩৭
থাইল্যান্ড	৩৬	৩৬
তিউনিসিয়া	২৫	২৮

সরকারের উদ্যোগ যথেষ্ট নয়, লবিষ্ট নিয়োগ চান রপ্তানিকারকরা

শুল্ক নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে দরকষাকষিতে সরকারের উদ্যোগ যথেষ্ট ছিল না বলে মনে করেন রপ্তানিকারক উদ্যোক্তারা। প্রথম দফা ৩৭ শতাংশ শুল্ক ঘোষণার পর গত প্রায় তিন মাসে বলার মতো কোনো অগ্রগতি দেখাতে পারেনি সরকার। কয়েকজন রপ্তানিকারক সমকালকে বলেন, কী আলোচনা হচ্ছে, কারা আলোচনা করছে, সে বিষয়ে স্পষ্ট কিছু জানানো হয়নি সরকারের তরফ থেকে।

প্রধান রপ্তানি পণ্য তৈরি পোশাক রপ্তানিকারক উদ্যোক্তাদের সংগঠন বিজিএমইএ সভাপতি মাহমুদ হাসান খান বাবু গতকাল সমকালকে বলেন, প্রথম দফা শুল্ক আরোপের ঘোষণার পরই সরকারকে বিষয়টি গুরুত্বের সঙ্গে নিয়ে গ্রহণযোগ্য সমাধানের অনুরোধ জানিয়েছিলাম। প্রধান উপদেষ্টাকে সরাসরি সম্পৃক্ত হতে অনুরোধ জানানো হয়েছিল। তিনি জানান, গতকালের চিঠির পর আবার আজ বুধবার প্রধান উপদেষ্টার সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনার জন্য সময় চেয়েছেন তারা। বৈঠকে ওয়াশিংটনকে রাজি করাতে লবিষ্ট নিয়োগের জন্য অনুরোধ জানানো হবে। এ ছাড়া প্রধান উপদেষ্টা নিজেই যেন সরাসরি সম্পৃক্ত হন, সে ব্যাপারে ফের অনুরোধ জানানো হবে।

বিজিএমইএ সভাপতি জানান, শেষ পর্যন্ত বাড়তি শুল্ক কার্যকর হলে অনেক কারখানা বন্ধ হয়ে যেতে পারে। বিশেষ করে যেসব কারখানা যুক্তরাষ্ট্রে ৫০ শতাংশ বা তার চেয়ে বেশি হারে রপ্তানি করে থাকে। কারণ, খুব শিগগিরই বিকল্প বাজার ধরা সম্ভব নয়। এ ছাড়া ভিয়েতনামের পণ্য বাংলাদেশের চেয়ে ১৫ থেকে ২৫ শতাংশে এগিয়ে থাকবে। সেটাকে মোকাবিলা করা সম্ভব হবে না। অন্যদিকে ভারত, পাকিস্তানের বেলায় কী হারে শুল্ক আরোপ হয়, সেটাও দেখার বিষয়।

জানতে চাইলে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি মীর নাসির হোসেন সমকালকে বলেন, বুধবার শুল্ক আরোপের বিষয়টি নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের একটি বৈঠক আছে। সেখানে কী সিদ্ধান্ত হয়, তার পর ধারণা করা যাবে রপ্তানিতে কী ধরনের প্রভাব পড়বে। তবে বিষয়টি নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা করার জন্য সরকারকে অনুরোধ করেছি।

পাল্টা শুল্ক রপ্তানিতে কী ধরনের প্রভাব ফেলবে, তা তিনটি বিষয়ের ওপর নির্ভর করবে বলে জানান বাংলাদেশ নিটওয়্যার প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির (বিকেএমইএ) নির্বাহী সভাপতি ফজলে এহসান শামীম। তিনি বলেন, এখনই বাংলাদেশের ভয়ের কোনো কারণ নেই। তবে ট্রাম্প প্রশাসন চীনের ক্ষেত্রে কী সিদ্ধান্ত নেবে, ভারতের সঙ্গে কী শর্তে চুক্তি করবে এবং ব্রিকসভুক্ত দেশগুলোর ওপর অতিরিক্ত ১০ শতাংশ শুল্ক আরোপ করে কিনা– এই তিনটি বিষয়ের ওপর নির্ভর করবে বাংলাদেশের রপ্তানির গতিবিধি।

তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্র যদি চীনে অতিরিক্ত শুল্ক বসায় এবং ভারতকে ছাড় না দেয়, তাহলে বাংলাদেশের ভয় কম থাকবে। এ ছাড়া ব্রিকসের দেশগুলোর ওপর যদি ১০ শতাংশ অতিরিক্ত পাল্টা শুল্ক আরোপ করে, তাতেও বাংলাদেশের সমস্যা হবে না বরং ভালো হবে। কারণ, এসব দেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের সমঝোতা না হলে দেশটি ভিয়েতনাম থেকে আমদানি কয়েক গুণ করবে। কিন্তু চাহিদা অনুযায়ী পণ্য সরবরাহ করার মতো সেই সক্ষমতা নেই ভিয়েতনামের। ফলে চীন, ভারত ও ব্রিকসের রপ্তানি আদেশগুলো বাংলাদেশেও স্থানান্তরিত হবে। সে ক্ষেত্রে বাংলাদেশের রপ্তানিতে শুল্ক ৩৫ শতাংশ আরোপ করা হলেও মোটা দাগে সমস্যা হবে না।

বিকেএমইএর নির্বাহী সভাপতি বলেন, শুল্ক আরোপ ঠেকাতে সরকারের প্রতি তাঁর পরামর্শ– ট্রাম্প প্রশাসন চীন ও ভারতের ক্ষেত্রে কী সিদ্ধান্ত নিতে যাচ্ছে, সে বিষয়ে খোঁজখবর রাখতে হবে। পাশাপাশি যুক্তরাষ্ট্রের সঙ্গে দরকষাকষির বিষয়ও চালিয়ে যেতে হবে।

শুল্কহার আসলে কত দাঁড়াচ্ছে

যুক্তরাষ্ট্রের বাজারে প্রবেশে বাংলাদেশের পণ্যে নতুন করে ৩৫ শতাংশ শুল্ক আরোপ হলে প্রকৃত শুল্ক কত হবে, তা এখনও স্পষ্ট নয়। বাংলাদেশ যে ধরনের পণ্য রপ্তানি করে থাকে, সেসব পণ্যে বর্তমানে গড়ে ১৬ শতাংশ শুল্ক ধার্য রয়েছে। গত ২ এপ্রিলের ঘোষণায় সব দেশের জন্য ১০ শতাংশ বাড়তি শুল্ক আরোপ করা হয়, যা ৫ এপ্রিল থেকে কার্যকর হয়েছে। এতে বাংলাদেশের পণ্যের শুল্কহার দাঁড়ায় ২৬ শতাংশে। নতুন করে ৩৫ শতাংশ শুল্ক আরোপ হলে মোট শুল্কহার দাঁড়াবে ৬১ শতাংশে। প্রধান উপদেষ্টার কাছে লেখা চিঠিতে প্রেসিডেন্ট ট্রাম্প বলেছেন, নতুন শুল্ক প্রযোজ্য হবে খাতভিত্তিক বিদ্যমান শুল্কের অতিরিক্ত। এর অর্থ ৬১ শতাংশেই হতে পারে শুল্ক।

জানতে চাইলে বাংলাদেশ ট্যারিফ কমিশনের সাবেক সদস্য মোস্তফা আবিদ খান সমকালকে বলেন, নতুন করে যদি ৩৫ শতাংশ শুল্ক কার্যকর হয়, তাহলে গত ৫ এপ্রিল কার্যকর হওয়া ১০ শতাংশ রহিত হবে। তাতে শুল্ক দাঁড়াবে ৫১ শতাংশ। রপ্তানিকারকরা জানিয়েছেন, মোট শুল্কহার কত দাঁড়াবে, সে বিষয়ে তারা স্পষ্ট কিছু বলতে পারছেন না।

দরকষাকষির মাধ্যমে যুক্তরাষ্ট্রের শুল্ক ঠিক হবে: অর্থ উপদেষ্টা

যুক্তরাষ্ট্র ঘোষিত ৩৫ শতাংশ শুল্ক চূড়ান্ত না বলে জানিয়েছেন অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ। তিনি বলেছেন, এটা আলোচনার মাধ্যমে ঠিক হবে। এ লক্ষ্যে বাংলাদেশ সময় আজ বুধবার ভোরে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির দপ্তরের (ইউএসটিআর) কর্মকর্তাদের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য প্রতিনিধিদের বৈঠক হবে। গতকাল সচিবালয়ে সরকারি ক্রয়-সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বৈঠক শেষে তিনি সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এসব কথা বলেন।

অর্থ উপদেষ্টা বলেন, যুক্তরাষ্ট্রে বাণিজ্য উপদেষ্টা আছেন। তিনি ৩ দিন আগে গেছেন। আজকেই বাণিজ্য টিম যাচ্ছে। মিটিংয়ের পর আমরা বুঝতে পারব। মিটিংয়ে কি কোনো উন্নতি হওয়ার আশা করা যায়– সাংবাদিকদের এমন প্রশ্নে সালেহউদ্দিন বলেন, আমরা আশা করি। আলোচনা যা-ই হোক, আমরা অন্যান্য পদক্ষেপ নেব। এখন বৈঠকটা মোটামুটি ইতিবাচক।

ভিয়েতনাম চেষ্টা করে ২৬ শতাংশ কমিয়েছে; বাংলাদেশের কেন মাত্র ২ শতাংশ কমানো হলো? তার মানে কি নেগোসিয়েশন ভালো হয়নি? সাংবাদিকদের এমন প্রশ্নে অর্থ উপদেষ্টা বলেন, এটা ঠিক যে আমাদের বাণিজ্য ঘাটতি মাত্র ৬ বিলিয়ন ডলার। ভিয়েতনামের ১২৫ বিলিয়ন ডলার। আমরা চেষ্টা করছি এত কম ঘাটতির বাস্তবতায় শুল্ক আরোপে যেন একটা যৌক্তিকতা থাকে।

উড়োজাহাজের পাশাপাশি ফুড ড্রিংক কিনতে যুক্তরাষ্ট্রকে প্রাধান্য দেওয়া হবে

গতকাল সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলোচনায় বাণিজ্য সচিব মাহবুবুর রহমান বলেছেন, যুক্তরাষ্ট্রের আরোপ করা ৩৫ শতাংশ পাল্টা শুল্ক কমানোর লক্ষ্যে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে বাণিজ্য ঘাটতি কমানোর পরিকল্পনা করছে সরকার। এরই অংশ হিসেবে সরকারি খাতে ফুড ড্রিংক কেনার ক্ষেত্রে যুক্তরাষ্ট্রকে প্রাধান্য দেবে। উড়োজাহাজ এবং সামরিক যন্ত্রপাতি কেনার ক্ষেত্রে যুক্তরাষ্ট্রকে অগ্রাধিকার দেওয়ার কথাও জানান তিনি।

এ ছাড়া আমাদের বিমান বহরের প্রায় সব এয়ারক্রাফট বোয়িং। আমাদের বিমানের ইনফ্রাস্ট্রাকচার যা আছে, সেটাও বোয়িং। কাজেই বোয়িং ফ্লাইট কেনার জন্য আমাদের কিছু আদেশ দেওয়ার কথা রয়েছে। আমরা সেভাবে আলোচনা করেছি। এ ছাড়া তুলা আমদানিকে আমরা উৎসাহিত করব।

তিনি বলেন, বাংলাদেশের জন্য আমাদের প্রধান বিবেচ্য বাণিজ্যিক স্বার্থ সংরক্ষণ। আমাদের কাছে তারা কিছু চেয়েছে; সেটা হলো শুল্ক কমানো। পর্যায়ক্রমে শুল্ক, ভ্যাট, সাপ্লিমেন্টারি ডিউটি, রেগুলেটরি ডিউটি; এগুলো যেন আমরা কমাই। সে ধরনের প্রস্তাব তারা করেছে। আমরা সেটা এনবিআরের সঙ্গে আলোচনা করার পরে সরকারের অন্য অংশীজনের সঙ্গে বসে চূড়ান্ত সিদ্ধান্ত নেব।

যুক্তরাষ্ট্রকে এককভাবে শুল্ক ছাড় সুবিধা দেওয়া যুক্তিসংগত হবে না

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এককভাবে যুক্তরাষ্ট্রকে শুল্ক ছাড় সুবিধা দেওয়াকে সঠিক সিদ্ধান্ত মনে করে না। গতকাল নাম প্রকাশে অনিচ্ছুক কয়েক কর্মকর্তা সমকালকে বলেন, ট্রাম্পের আরোপ করা শুল্কে বাংলাদেশের রপ্তানি আয়ে বড় ধরনের নেতিবাচক প্রভাব পড়বে। শুল্ক আরোপের বড় ধাক্কা থেকে কিছুটা রেহাই পেতে হলে বাণিজ্য ঘাটতি কমিয়ে আনতে হবে। এ জন্য যুক্তরাষ্ট্র থেকে আমদানির ক্ষেত্রে সব ধরনের পণ্যে শুল্ক শূন্য করাও যাবে না। এতে সমস্যা হতে পারে।

যেমন শুল্কমুক্ত গাড়ি আমদানির সুযোগ দিলে যুক্তরাষ্ট্র থেকে অনেক গাড়ি আমদানি হবে। সে ক্ষেত্রে চীন, জাপান ও ইইউভুক্ত দেশগুলো বাংলাদেশে শুল্কমুক্ত গাড়ি রপ্তানি করার জন্য চাপ প্রয়োগ করতে পারে, যা দেশের রাজস্ব আদায়ে দীর্ঘ মেয়াদে ক্ষত তৈরি করবে। তাদের মতে, মোটা দাগে যুক্তরাষ্ট্র থেকে বেসরকারিভাবে পণ্য আমদানি বাড়ানোর সম্ভাবনা কম। কারণ বেসরকারি আমদানিকারকরা যে দেশে কম মূল্যে পণ্য পাবে, সেই দেশ থেকেই আমদানি করবে। তাই যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য ঘাটতি কমাতে হলে দুই সরকারের মাধ্যমে (জিটুজি) আমদানি বাড়াতে হবে। এ ক্ষেত্রে সরকার দেশটি থেকে বোয়িং, তুলাসহ কিছু পণ্যের আমদানি বাড়াতে পারে।

যুক্তরাষ্ট্রে রপ্তানি ৮ দশমিক ৪ বিলিয়ন ডলার, আমদানি ৩ বিলিয়ন

এনবিআর সূত্রে জানা গেছে, মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশের রপ্তানি বাজার প্রায় ৮ দশমিক ৭ বিলিয়ন ডলারের। এর মধ্যে ২০ শতাংশ তৈরি পোশাক। রপ্তানি পণ্যের তালিকায় আরও রয়েছে জুতা, টেক্সটাইল সামগ্রী, ওষুধ ও বিভিন্ন কৃষিপণ্য। এ রপ্তানির বিপরীতে দেশটি থেকে বাংলাদেশ আমদানি করে প্রায় ৩ বিলিয়ন ডলারের কাছাকাছি পণ্য। গত ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশ যুক্তরাষ্ট্র থেকে দুই হাজার ৯২৭ ধরনের পণ্য আমদানি করেছে, যার আর্থিক মূল্য ৩৪ হাজার ২৮ কোটি টাকা বা ২৭৮ কোটি ৯২ লাখ ডলার। এর মধ্যে ১০ পণ্যের আমদানি মূল্যই হচ্ছে ২০৫ কোটি ৫৯ লাখ ডলার। এসব পণ্যের মধ্যে রয়েছে জাহাজের স্ক্র্যাপ, সয়াবিন বীজ, তুলা, এলপি গ্যাস, এয়ারক্রাফটের যন্ত্রাংশ ইত্যাদি।

সমকাল
০৪ JUL 2025

তৈরি পোশাক রপ্তানিতে দ্বিতীয় স্থান ধরে রাখল বাংলাদেশ

■ আবু হেনা মুহিব

গত বছর আগস্টে ক্ষমতার পালাবদলের পর প্রায় দুই মাস টানা শ্রমিক অসন্তোষে জর্জরিত ছিল তৈরি পোশাকশিল্প। কারখানায় গ্যাস সংকটও ছিল প্রকট। এ রকম আরও কিছু চ্যালেঞ্জের মধ্যেই বিশ্ববাজারে পোশাক রপ্তানিতে দ্বিতীয় স্থান ধরে রেখেছে বাংলাদেশ। বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) 'ওয়ার্ল্ড ট্রেড স্ট্যাটিস্টিক্যাল রিভিউ ২০২৪' প্রতিবেদনে এ চিত্র উঠে এসেছে।

এ নিয়ে টানা চতুর্থবারের মতো বিশ্ববাজারে পোশাক রপ্তানিতে দ্বিতীয় স্থান ধরে রাখার কৃতিত্ব দেখাল বাংলাদেশ। ২০২০ সালে অতিমারি করোনাকালে বাংলাদেশকে টপকে দ্বিতীয় স্থানটি দখল করে নিয়েছিল ভিয়েতনাম। পরের বছর ২০২১ সালে ভিয়েতনামকে পেছনে ফেলে হারানো অবস্থান পুনরুদ্ধার করে বাংলাদেশ। তৃতীয় অবস্থানে চলে যায় ভিয়েতনাম। ২০২৪ সালের প্রতিবেদনেও পোশাক রপ্তানিতে তৃতীয় অবস্থানে রয়েছে দেশটি। পোশাক রপ্তানিতে বরাবরের মতো এবারও প্রথম স্থানে আছে চীন।

পোশাক রপ্তানিতে দ্বিতীয় অবস্থান ধরে রাখলেও বৈশ্বিক হিস্যা কমেছে বাংলাদেশের। আগের বছরের হিস্যা ৭ দশমিক ৩৮ শতাংশ থেকে কমে গত বছর এ হার ৬ দশমিক ৯০ শতাংশে নেমে এসেছে। এ নিয়ে টানা দুই বছর বিশ্ববাজারে পোশাক রপ্তানিতে বাংলাদেশের হিস্যা কমলো। আগের বছর অর্থাৎ ২০২২ সালে হিস্যা ছিল ৭ দশমিক ৮৭ শতাংশ, যা এ পর্যন্ত সর্বোচ্চ।

এ হিস্যা ইস্যুতে কিছুটা অস্বস্তিকর পরিস্থিতি দাঁড়িয়েছে। কারণ প্রধান প্রতিযোগী ভিয়েতনামের হিস্যা গত বছর আরও বেড়েছে। ডব্লিউটিওর উপাত্তে দেখা যায়, গত বছর ভিয়েতনামের হিস্যা দাঁড়ায় ৬ দশমিক শূন্য ৯ শতাংশ, যা আগের বছর ছিল ৫ দশমিক ৯৬ শতাংশ।

বিশ্ব বাণিজ্য সংস্থার প্রতিবেদন

পোশাক রপ্তানিকারক উদ্যোক্তাদের সংগঠন বিজিএমইএর সভাপতি মাহমুদ হাসান খান বাবু সমকালকে বলেন, চলতি প্রবাহ এবং যুক্তরাষ্ট্রে পণ্য প্রবেশে নতুন শুল্কের কারণে আগামীতে ভিয়েতনামের কাছে দ্বিতীয় রপ্তানিকারকের মর্যাদা হয়তো হারাতে হবে। কারণ প্রধান বাজার যুক্তরাষ্ট্রে প্রবেশের ক্ষেত্রে ভিয়েতনামের পোশাকের তুলনায় অন্তত ১৫ শতাংশ বেশি শুল্ক দাঁড়াচ্ছে বাংলাদেশের পোশাকে।

অন্যান্য দেশের মধ্যে ভারত, তুরস্কের হিস্যা অনেকটা অপরিবর্তিত রয়েছে। অবশ্য প্রধান রপ্তানিকারক চীনের হিস্যা কিছুটা কমেছে। ৩১ দশমিক ৬৪ শতাংশ থেকে ২৯ দশমিক ৬৪ শতাংশে নেমে এসেছে। প্রধান রপ্তানিকারক দেশটির হিস্যাও গত তিন বছর টানা কমছে।

ডব্লিউটিওর পরিসংখ্যান বলছে, গত বছর বাংলাদেশ ৩৮ দশমিক ৪৮ বিলিয়ন বা ৩ হাজার ৮৪৮ কোটি ডলারের পোশাক রপ্তানি করেছে। আগের বছর অর্থাৎ ২০২৩ সালে বাংলাদেশের পোশাক রপ্তানির পরিমাণ ছিল ৩ হাজার ৮৪০ কোটি ডলার। ২০২২ সালে যা ছিল ৪ হাজার ৫০০ কোটি ডলার।

অন্যদিকে গত বছর ভিয়েতনামের পোশাক রপ্তানির পরিমাণ ছিল ৩৩ দশমিক ৯৪ বিলিয়ন ডলার বা ৩ হাজার ৩৯৪ কোটি ডলার। আগের বছর যা ছিল ৩ হাজার ১০৪ কোটি ডলার। অর্থাৎ বাংলাদেশের রপ্তানির পরিমাণ বেড়েছে যেখানে মাত্র ৪৮ কোটি ডলার, সেখানে ভিয়েতনামের বেড়েছে ২৯০ কোটি ডলার।

গত বছর চীন বিশ্ববাজারে ১৬৫ দশমিক ২৪ বিলিয়ন ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে। তার আগের বছর তাদের রপ্তানির পরিমাণ ছিল ১৬৪ দশমিক ৭৪ বিলিয়ন ডলার। বিশ্ববাজারে প্রধান ১০ রপ্তানিকারক দেশের অন্য দেশগুলোর মধ্যে তুরস্কের রপ্তানি ৪ দশমিক ৪২ শতাংশ কমেছে। রপ্তানি হয়েছে প্রায় ১৮ বিলিয়ন ডলারের পোশাক।

ভারতের রপ্তানি সাড়ে ৬ শতাংশ বেড়েছে। রপ্তানি হয়েছে ১৬ দশমিক ৩৬ বিলিয়ন ডলারের পোশাক। কম্বোডিয়ার রপ্তানি বেড়েছে ২৪ শতাংশ। পরিমাণ ছিল ১০ বিলিয়ন ডলারের মতো। পাকিস্তানের রপ্তানি বেড়েছে ২১ শতাংশ। পরিমাণ ছিল সাড়ে ৯ বিলিয়ন ডলারের মতো।

08 JUL 2025

সমকাল

পণ্যমূল্য কম দেখিয়ে রপ্তানির আড়ালে অর্থ পাচার হয়েছে

- মধ্যপ্রাচ্যসহ বিভিন্ন দেশে অর্থ পাচারের তথ্য পেয়েছে বাংলাদেশ ব্যাংক
- ব্যাংক খাতের খেলাপি ঋণের ৫৭ শতাংশই শতকোটি টাকা বা তার বেশি অঙ্কের

■ বিশেষ প্রতিনিধি

রপ্তানি করা পণ্যের মূল্য কম দেখিয়ে মধ্যপ্রাচ্য ও বিভিন্ন দেশে অর্থ পাচারের তথ্য পেয়েছে বাংলাদেশ ব্যাংক। এ বিষয়ে ব্যাংকগুলোকে সতর্কতার সঙ্গে লেনদেন করতে বলা হয়েছে। এ ছাড়া ব্যাংক খাতের মোট খেলাপি ঋণের ৫৭ শতাংশেই শতকোটি টাকার। এসব ঋণ আদায় জোরদারের পরামর্শ দিয়েছেন গভর্নর।

গতকাল মঙ্গলবার বাংলাদেশ ব্যাংকের সভাকক্ষে সব ব্যাংকের এমডিদের নিয়ে আয়োজিত ব্যাংকার্স সভায় এসব বিষয় উঠে আসে। গভর্নর ড. আহসান এইচ মনসুরের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এমডিরা ছাড়াও কেন্দ্রীয় ব্যাংকের ডেপুটি গভর্নরসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা উপস্থিত ছিলেন।

বৈঠকে জানানো হয়, বৈদেশিক মুদ্রা পরিদর্শন বিভাগ থেকে বিভিন্ন ব্যাংক পরিদর্শন করে তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের অর্থ পাচার এবং হুন্ডির সঙ্গে সংশ্লিষ্টতা পাওয়া গেছে। অর্থ পাচারের ক্ষেত্রে বাজারমূল্যের চেয়ে কম দেখানো, পণ্যের ওজন বেশি দেখানো এবং শুল্ক কর্মকর্তাদের দৃষ্টি এড়াতে একটি ইএক্সপির বিপরীতে একাধিক ইনভয়েসের মাধ্যমে সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরবসহ বিভিন্ন দেশে অর্থ পাচার করা হচ্ছে। কোনো কোনো প্রতিষ্ঠান যুক্তরাষ্ট্র ও ইউরোপের দেশে যে মূল্য ও ওজন হিসাব করে পণ্য রপ্তানি হচ্ছে, মধ্যপ্রাচ্যের দেশে কয়েক গুণ কম মূল্য এবং বেশি ওজন দেখিয়ে পণ্য রপ্তানি করছে।

বৈঠকে আরও বলা হয়, নামমাত্র মূল্যে স্টক লটের পণ্য রপ্তানির ক্ষেত্রে ইনভয়েসে স্টক লটের বিষয় উল্লেখ না করেও অর্থ পাচারের ঘটনা ঘটছে। আবার বিদেশি ক্রেতাকে শুল্ক ফাঁকির সুবিধা দিতে আন্ডার ইনভয়েসিংয়ের মাধ্যমে পণ্য রপ্তানি করা হয়েছে। অবশিষ্ট মূল্য রেমিট্যান্স হিসেবে এনে প্রণোদনা নেওয়া হয়েছে। এসব বিষয়ে ব্যাংকগুলোকে সতর্কতা অবলম্বন করতে বলা হয়েছে।

এদিকে ব্যাংকগুলোর দেওয়া তথ্য অনুযায়ী, গত ডিসেম্বর পর্যন্ত ৬১টি ব্যাংকের মধ্যে ৩৭টির শতকোটি টাকা বা তার বেশি অঙ্কের খেলাপি চিহ্নিত হয়েছে। ব্যাংক খাতে মোট খেলাপি ঋণের পরিমাণ ছিল ৩ লাখ ৪৫ হাজার ৭৬৫ কোটি টাকা। এর মধ্যে বড় খেলাপির কাছে ব্যাংকগুলোর পাওনা ১ লাখ ৯৭ হাজার কোটি টাকা বা মোট খেলাপি ঋণের ৫৭ শতাংশ। কেন্দ্রীয় ব্যাংক ২০১৯ সালে এ ধরনের খেলাপি ঋণ তদারকিতে বিশেষ সেল গঠন এবং প্রতি ত্রৈমাসিকে পরিচালনা পর্ষদ থেকে এ ধরনের ঋণ তদারকির নির্দেশনা দেওয়া হয়। গতকালের সভা থেকে পরিচালনা পর্ষদ থেকে এসব ঋণ আদায়ের কর্মপরিকল্পনা চাওয়া হয়েছে। এ ছাড়া ঋণ আদায়ে সর্বোচ্চ গুরুত্বসহকারে মামলা পরিচালনার নির্দেশনা দেওয়া হয়েছে।

গতকালের বৈঠকে ব্যাংক থেকে এলসির দায় পরিশোধের পর আমদানিকারক পরিশোধ না করলে তাৎক্ষণিকভাবে ফোর্স ঋণ সৃষ্টি এবং ব্যাংকের আর্থিক অবস্থার যথাযথ প্রতিফলন নিশ্চিত করতে নিরীক্ষা বছরের নবম মাস ভিত্তিতে অন্তর্বর্তীকালীন প্রতিবেদন ডিসেম্বরের মধ্যে কেন্দ্রীয় ব্যাংকে জমাসহ বিভিন্ন আলোচনা হয়।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

08 JUL 2025

সমকাল

বাংলাদেশি পণ্যে ৩৫% শুল্ক

প্রধান উপদেষ্টাকে চিঠি ট্রাম্পের

যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির দপ্তরের সঙ্গে আজ বাংলাদেশ প্রতিনিধিদলের বৈঠকের কথা। এর আগেই বাড়তি এই শুল্কের ঘোষণা দিলেন ট্রাম্প।

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

যুক্তরাষ্ট্রের সঙ্গে পাল্টা শুল্ক নিয়ে আলোচনা চলমান থাকা অবস্থায় বাংলাদেশি পণ্যের ওপর ৩৫ শতাংশ শুল্ক আরোপ করেছে ট্রাম্প প্রশাসন। বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে লেখা এক চিঠিতে বিষয়টি জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্যঘাটতি নিরসনের বিষয়ে সমাধান না এলে ১ আগস্ট থেকে দেশটিতে পণ্য রপ্তানিতে বর্ধিত হারে শুল্ক দিতে হবে বলে সতর্ক করে দিয়েছেন তিনি।

বৈশ্বিক বিভিন্ন গণমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, বাংলাদেশের পাশাপাশি দক্ষিণ কোরিয়া, জাপানসহ মোট ১৪টি দেশের ওপর নতুন করে শুল্কহার নির্ধারণের ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র। হোয়াইট হাউসের ৯০ দিনের শুল্কবিরতির সময়সীমা

অধ্যাপক ইউনূসকে ট্রাম্পের দেওয়া চিঠি

শেষ হওয়ার আগমুহূর্তে অর্থাৎ স্থানীয় সময় গত সোমবার এই ঘোষণা দেন ডোনাল্ড ট্রাম্প। অবশ্য ইতিমধ্যে যুক্তরাজ্য ও ভিয়েতনামের সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্য চুক্তি হয়েছে। ভারতের সঙ্গে চুক্তির বিষয়টিও মোটামুটি চূড়ান্ত পর্যায়ে রয়েছে বলে

> যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্কের বিষয়টি শুধু শুল্কের মধ্যে সীমাবদ্ধ নয়। এটি বাণিজ্যের বিষয়, যার ফলাফল হচ্ছে শুল্ক। তাই এই সমস্যার সমাধানের সঙ্গে বাণিজ্যনীতিসহ অনেক বিষয় জড়িত।
>
> শেখ বশিরউদ্দীন, বাণিজ্য উপদেষ্টা

মার্কিন কর্মকর্তারা জানিয়েছেন।



এদিকে গত এপ্রিলে পাল্টা শুল্কারোপের ঘোষণার পর তিন মাসেও যুক্তরাষ্ট্রের সঙ্গে এ বিষয়ে সরকারের দর-কষাকষিতে অগ্রগতি না হওয়ায় উদ্বেগ প্রকাশ করেছেন রপ্তানিকারকেরা। তাঁরা বলছেন, ৩৫ শতাংশ বাড়তি শুল্ক কার্যকর হলে রপ্তানিতে নেতিবাচক প্রভাব পড়বে। অনেক কারখানা অস্তিত্বসংকটে পড়বে। এমন প্রেক্ষাপটে আগামী তিন সপ্তাহের মধ্যে দর-কষাকষি শেষ করতে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন তাঁরা।

তবে বাংলাদেশের পণ্যের ওপর যুক্তরাষ্ট্রের ঘোষিত শুল্ক চূড়ান্ত নয় বলে জানিয়েছেন অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ। গতকাল সচিবালয়ে তিনি সাংবাদিকদের বলেছেন, 'ওয়ান টু ওয়ান নিগোসিয়েশনের মাধ্যমে এটা ঠিক হবে। এ জন্য যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় ৮ জুলাই (আজ বুধবার) যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির দপ্তরের (ইউএসটিআর) কর্মকর্তাদের সঙ্গে বাংলাদেশ সরকারের প্রতিনিধিদের বৈঠক হবে।' তিনি আরও বলেন, 'যুক্তরাষ্ট্রে আমাদের বাণিজ্য উপদেষ্টা আছেন। ইউএসটিআরের সঙ্গে আলাপ করবেন তিনি। ওই বৈঠকের পর আপনারা বুঝতে পারবেন।'

বৈঠকের জন্য যুক্তরাষ্ট্রে থাকা বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি প্রথম আলোকে বলেন, 'যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্কের বিষয়টি শুধু শুল্কের মধ্যে সীমাবদ্ধ নয়। এটি বাণিজ্যের বিষয়, যার ফলাফল হচ্ছে শুল্ক। তাই এই সমস্যার সমাধানের সঙ্গে বাণিজ্যনীতিসহ অনেক বিষয় জড়িত। বাংলাদেশ বিশ্ববাণিজ্য করে বিশ্ববাণিজ্য সংস্থা বা ডব্লিউটিওর বিধিবিধান মেনে। যুক্তরাষ্ট্রের সঙ্গে বাড়তি শুল্কের সমাধান করতে হলে সেই নীতিমালাগুলোতেও পরিবর্তন আনতে হবে। আর সেটি করতে হবে যুক্তরাষ্ট্রসহ বিশ্বের সব দেশের জন্য। তাই আমরা গভীর চিন্তাভাবনা করে এ বিষয়ে সমঝোতার চেষ্টা চালাচ্ছি। আমাদের দিক থেকে চেষ্টার কোনো ত্রুটি নেই।'

যুক্তরাষ্ট্র যেসব দেশ থেকে পণ্য আমদানি করে, সেসব দেশের ওপর গত ২ এপ্রিল পাল্টা শুল্ক আরোপ করেন দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বিশ্বের ৫৭টি দেশের ওপর বিভিন্ন হারে বাড়তি পাল্টা শুল্ক বসানো হয়। তখন বাংলাদেশের পণ্যের ওপর বাড়তি শুল্ক আরোপ করা হয়েছিল ৩৭ শতাংশ। গত ৯ এপ্রিল পাল্টা শুল্ক কার্যকরের সময় তিন মাসের জন্য স্থগিত করেন ট্রাম্প প্রশাসন। যদিও সব দেশের ওপর ন্যূনতম ১০ শতাংশ পাল্টা শুল্ক কার্যকর করা হয়।

বাংলাদেশের পণ্য রপ্তানির একক বড় বাজার যুক্তরাষ্ট্র। জাতীয় রাজস্ব বোর্ড বা এনবিআরের হিসাবে সদ্য বিদায়ী ২০২৪-২৫ অর্থবছরে যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশ ৮৬৯ কোটি ডলারের পণ্য রপ্তানি করেছে, যা দেশের মোট রপ্তানি আয়ের ১৮ শতাংশের কিছু বেশি। তবে ইপিবির হিসাবে, এই রপ্তানির পরিমাণ ৮৭৬ কোটি ডলার। যুক্তরাষ্ট্রে রপ্তানি হওয়া বাংলাদেশি পণ্যের ৮৭ শতাংশের বেশি তৈরি পোশাক। এ ছাড়া মাথার টুপি বা ক্যাপ, চামড়ার জুতা, হোম টেক্সটাইল, পরচুলা এবং অন্যান্য চামড়াজাত পণ্য বেশি রপ্তানি হয়।

জানতে চাইলে তৈরি পোশাকশিল্প মালিকদের সংগঠন বিজিএমইএর সভাপতি মাহমুদ হাসান খান গতকাল মঙ্গলবার প্রথম আলোকে বলেন, 'যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্ক নিয়ে আমরা উদ্বিগ্ন। আমরা শুরু থেকে সরকারকে সর্বাধিক গুরুত্ব দিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে দর-কষাকষির অনুরোধ জানিয়েছি। তবে পাল্টা শুল্ক নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে দর-কষাকষি নিয়ে ব্যবসায়ীদের অন্ধকারে রাখা হয়েছে।' তিনি আরও বলেন, 'আমরা চাই, দর-কষাকষির প্রক্রিয়ায় লবিস্ট নিয়োগ করা হোক। পাশাপাশি বেসরকারি খাতের উদ্যোক্তাদেরও যুক্ত করা হোক।'

চিঠিতে কী লিখেছেন ট্রাম্প

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পাল্টা শুল্ক কার্যকরের সময়সীমা তিন সপ্তাহ পিছিয়ে দেওয়ার পাশাপাশি গত সোমবার ১৪টি দেশের সরকারপ্রধানকে চিঠিও পাঠিয়েছেন। তার একটি চিঠি তিনি পাঠিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে। চিঠিগুলো নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে প্রকাশ করেছেন ট্রাম্প।

প্রধান উপদেষ্টাকে লেখা চিঠিতে ডোনাল্ড ট্রাম্প বলেছেন, '২০২৫ সালের ১ আগস্ট থেকে যুক্তরাষ্ট্রে পাঠানো বাংলাদেশের সব ধরনের পণ্যের ওপর আমরা ৩৫ শতাংশ শুল্ক আরোপ করব। এই শুল্ক সব খাতভিত্তিক শুল্কের অতিরিক্ত হিসেবে প্রযোজ্য হবে। উচ্চ শুল্ক এড়ানোর উদ্দেশ্যে ট্রান্সশিপমেন্টের মাধ্যমে পণ্য পাঠানো হলে সেগুলোর ওপরও সেই উচ্চ শুল্ক আরোপ হবে। অনুগ্রহ করে এটা অনুধাবন করেন যে ৩৫ শতাংশ সংখ্যাটি আপনার দেশের সঙ্গে আমাদের যে বাণিজ্যঘাটতি রয়েছে, তা দূর করার জন্য যা প্রয়োজন, তার থেকে অনেক কম।'

ডোনাল্ড ট্রাম্প আরও বলেছেন, 'যদি কোনো কারণে আপনি আপনার শুল্ক বৃদ্ধি করার সিদ্ধান্ত নেন, তখন আপনি যে পরিমাণ শুল্ক বাড়াবেন, তা আমাদের আরোপিত ৩৫ শতাংশ শুল্কের ওপর যোগ করা হবে। অনুগ্রহ করে এটা উপলব্ধি করুন যে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্যঘাটতি, যেটা স্থায়ী হওয়ার নয়, সেটা তৈরির পেছনে ভূমিকা রাখা বাংলাদেশের অনেক বছরের শুল্ক ও অশুল্ক নীতিসমূহ এবং বাণিজ্য বাধা সংশোধনের জন্য এই শুল্ক আরোপ করা হয়েছে।'

সবশেষে ডোনাল্ড ট্রাম্প লিখেছেন, 'আপনি যদি আপনার বাণিজ্য বাজার যুক্তরাষ্ট্রের জন্য উন্মুক্ত করতে চান এবং শুল্ক, অশুল্ক নীতি ও বাণিজ্য প্রতিবন্ধকতা দূর করেন, তাহলে আমরা এই চিঠির কিছু অংশ পুনর্বিবেচনা করতে পারি। এই শুল্কহার আপনার দেশের সঙ্গে আমাদের সম্পর্কের ওপর ভিত্তি করে বাড়ানো বা কমানো হতে পারে। আপনি কখনোই যুক্তরাষ্ট্রের ওপর হতাশ হবেন না।'

রপ্তানিতে কী প্রভাব পড়বে

এনবিআরের হিসাবে, সদ্য বিদায়ী অর্থবছরে বাংলাদেশের ২ হাজার ৩৩৭টি প্রতিষ্ঠান যুক্তরাষ্ট্রে ৮৬৯ কোটি মার্কিন ডলারের পণ্য রপ্তানি করেছে। তার মধ্যে অধিকাংশই তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান, যার সংখ্যা ১ হাজার ৮২১। বাংলাদেশের পণ্যে বাড়তি ৩৫ শতাংশ শুল্ক আরোপ হলেও ভিয়েতনামের ওপর আরোপ হয়েছে ২০ শতাংশ। এ ছাড়া মিয়ানমার ও লাওসের ওপর ৪০ শতাংশ; ইন্দোনেশিয়ার ওপর ৩২ শতাংশ; দক্ষিণ কোরিয়া, জাপান, মালয়েশিয়া ও তিউনিসিয়ার ওপর ২৫ শতাংশ; কম্বোডিয়া ও থাইল্যান্ডের ওপর ৩৬ শতাংশ বাড়তি শুল্ক আরোপ করেছে যুক্তরাষ্ট্র।

এখন প্রশ্ন হচ্ছে, বাড়তি শুল্ক আরোপের পর যুক্তরাষ্ট্রের বাজারে পণ্য রপ্তানিতে মোট শুল্ক ভার কত দাঁড়াবে? গত ৭ এপ্রিল জারি করা ট্রাম্পের নির্বাহী আদেশে বলা হয়েছিল, এই হার হবে এত দিন থাকা শুল্কহারের অতিরিক্ত। সোমবার ট্রাম্পের চিঠিতেও বিষয়টি পরিষ্কার করে বলা হয়েছে, এই শুল্ক সব খাতভিত্তিক শুল্কের অতিরিক্ত হিসেবে প্রযোজ্য হবে।

ইউএস ইন্টারন্যাশনাল ট্রেড কমিশনের তথ্য অনুযায়ী, ২০২৪ সালে যুক্তরাষ্ট্রের বাজারে রপ্তানি হওয়া বাংলাদেশি পণ্যে যত শুল্ক আদায় করা হয়েছে, তা গড় করলে এই হার দাঁড়ায় ১৫ শতাংশের মতো। বাড়তি ৩৫ শতাংশ পাল্টা শুল্ক কার্যকর হলে মোট শুল্কহার দাঁড়াবে ৫০ শতাংশ। তার মানে বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রে পণ্য রপ্তানিতে ৫০ শতাংশ শুল্ক দিতে হবে।

জানতে চাইলে দেশের অন্যতম শীর্ষস্থানীয় তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান স্প্যারো গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের ব্যবস্থাপনা পরিচালক শোভন ইসলাম প্রথম আলোকে বলেন, 'বাড়তি ৩৫ শতাংশ শুল্ক কার্যকর হলে আমদানিকারকেরা ক্রয়াদেশ বাতিল করবে। এতে ছোট ছোট কারখানা বসে যাবে। অন্যদিকে বড় ব্র্যান্ডগুলোর অর্ধেক শুল্ক আমাদের দিতে হবে। সেটি হলে আমাদের বড় অঙ্কের লোকসানের মুখে পড়তে হবে।'

এদিকে যুক্তরাষ্ট্রে বাজারে বাড়তি শুল্ক কার্যকর হলে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) বাজারে সংকট তৈরি হতে পারে। এমন শঙ্কা প্রকাশ করে চট্টগ্রামের ডেনিম এক্সপার্টের ব্যবস্থাপনা পরিচালক মোস্তাফিজ উদ্দিন প্রথম আলোকে বলেন, পাল্টা শুল্কের প্রভাবে ইইউর বাজারেও নেতিবাচক প্রভাব পড়বে। কারণ, তখন অনেকে ইইউর ক্রয়াদেশ নিতে চাইবে। তাতে পোশাকের দাম কম দেওয়ার সুযোগ নিতে পারেন ইইউর ক্রেতারা।

দর-কষাকষিতে পিছিয়ে কেন

পাল্টা শুল্কারোপের পর সেই সিদ্ধান্ত তিন মাসের জন্য স্থগিত রাখার অনুরোধ জানিয়ে গত ৭ এপ্রিল ডোনাল্ড ট্রাম্পকে চিঠি দেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস। একই দিন বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির (ইউএসটিআর) রাষ্ট্রদূত জেমিসন গ্রিয়ারের কাছে চিঠি দেন। বাণিজ্য উপদেষ্টার ওই চিঠিতে বলা হয়েছিল, যুক্তরাষ্ট্র থেকে আমদানি হয় এ রকম ১৯০টি পণ্যে কোনো শুল্ক নেই। আরও ১০০টি পণ্যকে শুল্কমুক্ত তালিকায় যুক্ত করার চিন্তা করা হচ্ছে। সেটি বাজেটে কার্যকরও করা হয়।

জানা যায়, ইউএসটিআরের সঙ্গে গত ২১ এপ্রিল ওয়াশিংটনে বৈঠক করে বাংলাদেশ। সেখানে যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে ছয়টি বিষয় স্পষ্ট করে জানতে চাওয়া হয়। ৪ জুন চিঠি দিয়ে এসব বিষয় দেশটিকে স্পষ্ট করে জানানো হয়। তার এক সপ্তাহ পর একটি পাল্টা শুল্ক চুক্তির খসড়া করা হয়। ১৭ জুন সেটি নিয়ে অনলাইনে বৈঠক করা হয়েছে।

সর্বশেষ ৩ জুলাই ইউএসটিআরের সঙ্গে বৈঠক করেন বাংলাদেশের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমান ও বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন। বৈঠক শেষে বাণিজ্য উপদেষ্টা জানান, বাংলাদেশের দিক থেকে কাঠামোগত ও শুল্কগতভাবে যত কিছু ছাড় দেওয়া সম্ভব, অর্থনীতির সক্ষমতা বিবেচনায় তার সর্বোচ্চ চেষ্টা করা হয়েছে।

বাসসের খবর অনুযায়ী, সচিবালয়ে গতকাল অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা পরিষদ কমিটি এবং সরকারি ক্রয়সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির দুটি পৃথক বৈঠক শেষে বাণিজ্যসচিব মাহবুবুর রহমান সাংবাদিকদের বলেন, বাংলাদেশ যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্যঘাটতি কমাতে গম, সয়াবিন, বিমানসহ বিভিন্ন মার্কিন পণ্যের ওপর শুল্ক ছাড় দেওয়ার প্রস্তাব করেছে। দেশটি থেকে বাংলাদেশ আরও বোয়িং বিমান কিনবে। তুলা আমদানি বৃদ্ধি করবে। বাংলাদেশ সরকার খাদ্যশস্য ক্রয়েও যুক্তরাষ্ট্রকে গুরুত্ব দেবে। এসব বিষয়ে ছাড় দেওয়া বা গ্রহণ করার ক্ষেত্রে কোনো বাধা নেই।

যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান আলোচনার মধ্যে ২ শতাংশীয় পয়েন্ট শুল্ক হ্রাস পাওয়ার বিষয়টি হতাশাজনক বলে মন্তব্য করছেন বেসরকারি গবেষণাপ্রতিষ্ঠান পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশের চেয়ারম্যান মাসরুর রিয়াজ। তিনি প্রথম আলোকে বলেন, 'পাল্টা শুল্কের আলোচনায় বাংলাদেশ কতটুকু কৌশলী ও প্রস্তুতি নিয়েছিল, সেটি নিয়ে সন্দেহ আছে। এখানে যুক্তরাষ্ট্রের চাওয়া-পাওয়া আমরা বুঝতে পেরেছি কি না, সেটি খুবই গুরুত্বপূর্ণ। মনে রাখতে হবে, ট্রাম্প রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে এই পাল্টা শুল্ক বসিয়েছেন। ফলে পাল্টা শুল্ক কত হবে, তা নির্ধারণে বাণিজ্যিক সুযোগ-সুবিধার পাশাপাশি রাজনীতিও কাজ করবে। ভিয়েতনাম সেভাবেই সাফল্য পেয়েছে।'

রপ্তানি উন্নয়ন ব্যুরো
ঢাকা।

CamScanner

প্রথম আলো
0 8 JUL 2025

যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের পণ্য রপ্তানি

অর্থবছর	রপ্তানি
২০২০-২১	৬৯৭
২০২১-২২	১,০৪২
২০২২-২৩	৮৫২
২০২৩-২৪	৭৬০
২০২৪-২৫	৮৬৯

* রপ্তানি সব হিসাব কোটি ডলারে
সূত্র : এনবিআর ও ইপিবি

যুক্তরাষ্ট্রে কোন পণ্যের রপ্তানি কত (২০২৪-২৫ অর্থবছর)

■ মোট রপ্তানিকারক : ২,৩৭৭ প্রতিষ্ঠান
■ তৈরি পোশাক : ১,৮২১ প্রতিষ্ঠান

খাত	রপ্তানি
তৈরি পোশাক	৭৫৮.৫০
চামড়া ও চামড়াজাত পণ্য	৩৮
হেডগিয়ার/ক্যাপ	২৬
হোম টেক্সটাইল	১৫
পরচুলা ও চুল	১২

শীর্ষস্থানীয় রপ্তানিকারক প্রতিষ্ঠান

১	রিফাত গার্মেন্টস	২৭.১৫
২	জি এ বি	১৮.০৩
৩	চিটাগাং এশিয়ান অ্যাপারেলস	১২.৬৫
৪	আয়েশা ক্লথিং	৯.৭৪
৫	ক্রাউন ওয়্যারস	৯.৭১

বিলিয়ন ডলার রপ্তানি বেড়েছে যুক্তরাষ্ট্রে

২০২৪-২৫ অর্থবছর

সদ্য বিদায়ী অর্থবছরে দেশটিতে এক বছরের ব্যবধানে রপ্তানি রেকর্ড পরিমাণ বেড়ে ৮৭৬ কোটি ডলারে উন্নীত হয়েছে।

মাসুদ মিলাদ, *চট্টগ্রাম*

বাংলাদেশের রপ্তানি পণ্যের একক বড় বাজার যুক্তরাষ্ট্র। সদ্য বিদায়ী ২০২৪-২৫ অর্থবছরে দেশটিতে ৮৭৬ কোটি ডলারের পণ্য রপ্তানি করেছে বাংলাদেশ। এই রপ্তানি ২০২৩-২৪ অর্থবছরের তুলনায় ১০৯ কোটি ডলার বা ১৪ শতাংশ বেশি। জাতীয় রাজস্ব বোর্ড বা এনবিআরের তথ্য থেকে যুক্তরাষ্ট্রে পণ্য রপ্তানির এই চিত্র পাওয়া গেছে।

এবার যুক্তরাষ্ট্রে এক বছরে রপ্তানি বৃদ্ধির হিসাবটি তুলনা করা যাক। দেশটিতে গত অর্থবছরে যে পরিমাণ রপ্তানি বেড়েছে, তা একই সময়ে ১৫৪টি দেশে বাংলাদেশের মোট রপ্তানির সমান। তার মানে হলো, ১৫৪টি দেশে গত অর্থবছরে ১০৯ কোটি ডলারের পণ্য রপ্তানি করেছে বাংলাদেশ।

এমন সময়ে যুক্তরাষ্ট্রে এক বিলিয়ন ডলারের বেশি রপ্তানি আয়ের খবর পাওয়া গেছে, যখন দেশটি বাংলাদেশের পণ্যের ওপর নতুন করে ৩৫ শতাংশ শুল্ক আরোপের ঘোষণা দিয়েছে। দুই দেশের সঙ্গে আলোচনায় সমঝোতা না হলে আগামী ১ আগস্ট থেকে এই শুল্ক কার্যকর হওয়ার কথা রয়েছে।

জাতীয় রাজস্ব বোর্ডের হিসাবে, ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ থেকে ২০১টি দেশ ও অঞ্চলে মোট ৪ হাজার ৬৫৭ কোটি ডলারের পণ্য রপ্তানি হয়েছে। এই রপ্তানির প্রায় ১৯ শতাংশের গন্তব্য ছিল যুক্তরাষ্ট্র। এর মধ্যে তৈরি পোশাক রপ্তানি হয় ৭৫৮ কোটি ৫০ লাখ ডলারের। তৈরি পোশাক ছাড়া অন্যান্য পণ্য রপ্তানি হয়েছে ১১৭ কোটি ৪৭ লাখ ডলারের। অবশ্য রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) রপ্তানির যে হিসাব দিয়েছে, তাতে যুক্তরাষ্ট্রে গত অর্থবছরে ৮৬৯ কোটি ডলারের রপ্তানির তথ্য রয়েছে। সংস্থাটির হিসাবে, ২০২৩-২৪ অর্থবছরে রপ্তানি হয়েছিল প্রায় ৭৬০ কোটি ডলার। এ হিসাবেও এক বছরে যুক্তরাষ্ট্রে ১০৯ কোটি ডলারের রপ্তানি বেড়েছে।

সবচেয়ে বেশি বেড়েছে যুক্তরাষ্ট্রেই

মোট রপ্তানি মূল্যের হিসাবে সদ্য বিদায়ী অর্থবছরে সবচেয়ে বেশি রপ্তানি বেড়েছে যুক্তরাষ্ট্রে। যুক্তরাষ্ট্রের পর দ্বিতীয় সর্বোচ্চ রপ্তানি বেড়েছে জার্মানিতে। এনবিআরের হিসাবে, জার্মানিতে ২০২৪-২৫ অর্থবছরে রপ্তানি ২০২৩-২৪ অর্থবছরের তুলনায় প্রায় ৪৩ কোটি ডলার বেড়ে ৫৩২ কোটি ডলারে উন্নীত হয়েছে। দেশটিতে রপ্তানিতে প্রবৃদ্ধির হার ৯ শতাংশ। তৃতীয় সর্বোচ্চ রপ্তানি বেড়েছে নেদারল্যান্ডসে। দেশটিতে গত অর্থবছরে রপ্তানি ৪২ কোটি ডলার বেড়ে ২৩৬ কোটি ডলারে উন্নীত হয়েছে।

গত অর্থবছরে বাংলাদেশ থেকে ২০১টি দেশ ও অঞ্চলে পণ্য রপ্তানি হলেও বিলিয়ন ডলারের বাজার মূলত ১২টি। যুক্তরাষ্ট্র ছাড়াও বাকি ১১টি দেশ হলো জার্মানি, যুক্তরাজ্য, স্পেন, ফ্রান্স, নেদারল্যান্ডস, হল্যান্ড, ভারত, ইতালি, কানাডা, জাপান ও ডেনমার্ক।

তৈরি পোশাকের শীর্ষস্থানীয় রপ্তানিকারক প্যাসিফিক জিনসের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মোহাম্মদ তানভীর *প্রথম আলোকে* বলেন, যুক্তরাষ্ট্রের বাজার বড়। এই বাজারে বাংলাদেশের রপ্তানির সম্ভাবনা রয়েছে। তবে বাড়তি ৩৫ শতাংশ শুল্ক আরোপের কারণে এই বড় বাজার মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে। এ জন্য এখন সর্বাত্মকভাবে চেষ্টা চালানো উচিত, যাতে অন্তত ভিয়েতনামসহ প্রতিযোগী দেশগুলোর চেয়ে শুল্কহার আমাদের বেশি না হয়।

যুক্তরাষ্ট্রে শীর্ষ রপ্তানিকারক কারা

যুক্তরাষ্ট্রের মতো বড় বাজারে রপ্তানির জন্য দেশীয় রপ্তানিকারকদের মধ্যেও প্রতিযোগিতা আছে। এনবিআরের হিসাবে, গত অর্থবছরে দেশটিতে ২ হাজার ৩৭৭টি প্রতিষ্ঠান পণ্য রপ্তানি করেছে। অর্থবছর শেষে দেখা যায়, দেশটিতে রপ্তানিতে শীর্ষে রয়েছে আশুলিয়ায় অবস্থিত রিফাত গার্মেন্টস। হা-মীম গ্রুপের এই কারখানা থেকে গত অর্থবছর যুক্তরাষ্ট্রে রপ্তানি হয়েছে ২৭ কোটি ১৫ লাখ ডলারের পণ্য। হা-মীম গ্রুপের মোট রপ্তানির সিংহভাগের গন্তব্য যুক্তরাষ্ট্র।

দ্বিতীয় অবস্থানে রয়েছে আশুলিয়ার আরেক প্রতিষ্ঠান জিএবি লিমিটেড। প্রতিষ্ঠানটি রপ্তানি করেছে ১৮ কোটি ডলারের পণ্য। তৃতীয় অবস্থানে রয়েছে চট্টগ্রামের নাসিরাবাদের এশিয়ান ডাফ গ্রুপের প্রতিষ্ঠান চিটাগং এশিয়ান অ্যাপারেলস লিমিটেড।

যুক্তরাষ্ট্রের রপ্তানির শীর্ষ তালিকার পাঁচটি প্রতিষ্ঠানই তৈরি পোশাকের। তৈরি পোশাক ছাড়াও শীর্ষে দশে জায়গা করে নিয়েছে দুটি প্রতিষ্ঠান। এই দুটি হলো নীলফামারী সদরের উত্তরা ইপিজেডের প্রতিষ্ঠান এভারগ্রিন প্রোডাক্টস ফ্যাক্টরি।

ঢাকা

প্রথম আলো

08 JUL 2025

৩৫% শুল্ক বহাল থাকলে রপ্তানি ও বিনিয়োগ ঝুঁকিতে পড়বে

শরীফ জহীর, *ব্যবস্থাপনা পরিচালক (এমডি), অনন্ত গ্রুপ*

শরীফ জহীর

যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্ক আরোপের পর প্রথম দুই মাস বলতে গেলে আমরা একপ্রকার নষ্টই করেছি। এই সময়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলাপ-আলোচনার ফলাফল কী, আমরা অংশীজনেরা কেউ তা জানতে পারিনি। এরপর যুক্তরাষ্ট্র চুক্তির একটা খসড়া কাঠামো (অ্যাগ্রিমেন্ট ফ্রেমওয়ার্ক) বানাল, যেখানে শূন্য শুল্ক থেকে শুরু করে শ্রম আইন—সবই রয়েছে।

গত এপ্রিলে শুল্কারোপের ঘোষণার পর থেকে আমরা শুনে আসছি যে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা মোটামুটি আমাদের ব্যবসা-বাণিজ্যের স্বার্থের অনুকূলেই হচ্ছে। কিছু বিষয়ে আপত্তির কথাও শুনেছিলাম। কিন্তু শেষ পর্যন্ত ৩৫ শতাংশ পাল্টা শুল্ক আরোপ করা হলো। আমরা মনে করি, এটা সরকারের বড় ধরনের ব্যর্থতা। যাঁরা দর-কষাকষির সঙ্গে যুক্ত, তাঁদের তো বাণিজ্যকাঠামো ও ইতিহাস সম্পর্কে ভালো জানা থাকতে হবে। সেটি আমরা দেখিনি।

যাহোক, আমরা শিল্প খাত থেকে বারবার বলে আসছি যে যুক্তরাষ্ট্র আমাদের প্রধান রপ্তানি গন্তব্য। ফলে তারা যেসব শর্ত দেয়, সেগুলো আমরা মেনে নিয়ে কেন সামনে এগোচ্ছি না? যুক্তরাষ্ট্রের সঙ্গে দ্বিপক্ষীয় বাণিজ্যের ক্ষেত্রে তাদের শর্ত মানতে আমাদের অসুবিধা কোথায়?

ভিয়েতনাম ইতিমধ্যে দর-কষাকষি করে পাল্টা শুল্ক ২০ শতাংশে নামিয়ে এনেছে। ভারত ও পাকিস্তানের নতুন শুল্ক এখনো ঘোষণা হয়নি। কিন্তু তারা যদি ১০ শতাংশের কাছাকাছি শুল্ক নামিয়ে আনতে পারে, তখন আমরা কীভাবে ব্যবসা ধরে রাখব জানি না। কোনো প্রতিযোগিতায় টিকে থাকতে পারব না আমরা।

এদিকে বাংলাদেশের ওপর নির্ভরশীলতা কমাতে চায় ইউরোপের কোম্পানিগুলো। ফলে আমাদের তৈরি পোশাক রপ্তানির মূল প্রবৃদ্ধিটা আসছে যুক্তরাষ্ট্র থেকে। এ অবস্থায় ৩৫ শতাংশ শুল্ক বহাল থাকলে আমাদের ব্যবসা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে। আমার মনে হয়, শুল্ক আলোচনায় সুবিধা করতে না পেরে আমরা বড় সুযোগ হারাচ্ছি। বিপরীতভাবে দেখলে, যুক্তরাষ্ট্রের সঙ্গে অনুকূল শুল্ককাঠামোতে যেতে পারলে রপ্তানির পাশাপাশি দেশে বিনিয়োগও বাড়ত। আমরা যদি পাল্টা শুল্ক ১০ শতাংশে নামিয়ে আনতে পারি, তবে দেখবেন হুড়মুড় করে চীন থেকে লোকজন (ব্যবসা) এখানে চলে আসবে। আর যদি শুল্ক কমাতে না পারি, তবে একই সঙ্গে আমরা রপ্তানি, বিদেশি বিনিয়োগ—সবকিছুতেই ঝুঁকিতে পড়ব।

সার্বিক বিবেচনায় বলব, আমাদের চোখ বুজে যুক্তরাষ্ট্রের সঙ্গে সমঝোতায় যাওয়া উচিত হবে। ট্রাম্পের আরও তিন বছর মেয়াদ আছে। ফলে এটাকে (বাণিজ্য সমঝোতা) ইতিবাচক হিসেবে নেওয়া উচিত।

প্রথম আলো

08 JUL 2025

পোশাক রপ্তানিতে বিশ্বে ২য় বাংলাদেশ

ডব্লিউটিওর প্রতিবেদন

গত বছর চীন তৈরি পোশাক রপ্তানি করেছে ১৬৫ বিলিয়ন ডলারের। আর বাংলাদেশ রপ্তানি করে সাড়ে ৩৮ বিলিয়ন ডলারের তৈরি পোশাক।

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

দেশি-বিদেশি চ্যালেঞ্জের মধ্যে একক দেশ হিসেবে গত বছরও বিশ্ববাজারে তৈরি পোশাক রপ্তানিতে দ্বিতীয় শীর্ষ অবস্থান ধরে রেখেছে বাংলাদেশ। যদিও বাজার হিস্যা দশমিক ৪৮ শতাংশীয় পয়েন্ট কমে গেছে। বাংলাদেশের পর তৃতীয় অবস্থানে আছে ভিয়েতনাম। আর শীর্ষ অবস্থানে আছে বরাবরের মতো চীন। যদিও চীনের বাজার হিস্যা ২ শতাংশীয় পয়েন্ট কমেছে।

বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) 'ওয়ার্ল্ড ট্রেড স্ট্যাটিসটিকস: কি ইনসাইটস অ্যান্ড ট্রেন্ডস ইন ২০২৪' শীর্ষক প্রতিবেদনে এমন তথ্য উঠে এসেছে। চলতি মাসে এটি নিজেদের ওয়েবসাইটে প্রকাশ করেছে সংস্থাটি। প্রতিবেদনে বলা হয়, গত বছর বৈশ্বিক পণ্য ও সেবা বাণিজ্য ৪ শতাংশ বেড়ে ৩১ দশমিক ৫ ট্রিলিয়ন (প্রতি ট্রিলিয়নে এক লাখ কোটি) মার্কিন ডলারে দাঁড়িয়েছে, যা তার আগের বছর (২০২৩ সাল) ২ শতাংশ হ্রাস পেয়েছিল। গত বছর বৈশ্বিক পণ্য বাণিজ্য ২ শতাংশ এবং সেবা খাতের ব্যবসা বেড়েছে ৯ শতাংশ। এ ছাড়া বৈশ্বিক বাণিজ্যে সেবা খাতের হিস্যা বেড়ে হয়েছে ২৬ দশমিক ৪ শতাংশ, যা ২০০৫ সালের পর সর্বোচ্চ।

প্রতিবেদন অনুযায়ী, গত বছর (২০২৪ সাল) বিশ্বের বিভিন্ন দেশ ৫৫৭ দশমিক ৫০ বিলিয়ন ডলারের (১০০০ হাজার বিলিয়নে এক ট্রিলিয়ন) তৈরি পোশাক আমদানি করে। এতে প্রবৃদ্ধি হয়েছে ৭ শতাংশ। ২০২৩ সালে বিভিন্ন দেশ তৈরি পোশাক আমদানি করেছিল ৫২০ বিলিয়ন ডলারের।

ডব্লিউটিওর প্রতিবেদন অনুযায়ী, টানা দুই বছর ধরে (২০২৩ ও ২০২৪ সাল) বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি ৩৮ বিলিয়ন ডলারের ঘরে আছে। গত বছর রপ্তানি হয়েছে ৩৮ দশমিক ৪৮ বিলিয়ন ডলার। প্রবৃদ্ধি হয়েছে মাত্র দশমিক ২১ শতাংশ। রপ্তানিতে সামান্য প্রবৃদ্ধি থাকলেও বাজার হিস্যা কমে গেছে বাংলাদেশের। ২০২৩ সালে বিশ্বে তৈরি পোশাক রপ্তানিতে বাংলাদেশের বাজার হিস্যা ছিল ৭ দশমিক ৩৮ শতাংশ। গত বছর সেটি কমে দাঁড়িয়েছে ৬ দশমিক ৯০ শতাংশে।

জানতে চাইলে নিট পোশাকশিল্প মালিকদের সংগঠন বিকেএমইএর নির্বাহী সভাপতি ফজলে শামীম এহসান প্রথম আলোকে বলেন, 'ডোনাল্ড ট্রাম্পের পাল্টা শুল্ক কার্যকর হলে যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি কমতে পারে। অন্যদিকে এই বাজারে ভিয়েতনামের রপ্তানি বাড়তে পারে। এতে করে বৈশ্বিক বাজারে বাংলাদেশ ও ভিয়েতনামের রপ্তানি কাছাকাছি চলে যাওয়ার সম্ভাবনা আছে। তারপরও এই বছর দ্বিতীয় শীর্ষ স্থান ধরে রাখা সম্ভব হবে বলে প্রত্যাশা করছি।'

রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, ফিলিস্তিন-ইসরায়েল সংঘাতের মতো বৈশ্বিক চ্যালেঞ্জের সঙ্গে গত বছর দেশের রাজনৈতিক পটপরিবর্তন হয়। এতে করে আমদানি-রপ্তানি বাধাগ্রস্ত হয়। পরবর্তী সময়ে শ্রমিক আন্দোলনে আশুলিয়ার মতো বড় শিল্পাঞ্চলের বেশ কিছু কারখানায় কয়েক সপ্তাহ উৎপাদন বন্ধ ছিল। এ ছাড়া গ্যাস-বিদ্যুতের সংকটেও ভুগেছে এই শিল্প খাত।

বাংলাদেশের পণ্য রপ্তানির হিসাব নিয়ে গরমিল আছে। গত বছরের জুলাইয়ে সেটি প্রথম সামনে আসে। তখন বাংলাদেশ ব্যাংক বলেছিল, পণ্য রপ্তানি বেশি দেখাচ্ছে রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি)। পরে সেটি সংশোধন করে ইপিবি। তবে ২০২২ সালে ডব্লিউটিওর হিসাবে বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি ৪৫ বিলিয়ন ডলার দেখানো হয়েছিল। যদিও প্রকৃত রপ্তানি আরও কম হয়েছিল। তখন সব মিলিয়ে তিন অর্থবছরের ৩৪ মাসে এনবিআরের চেয়ে ২ হাজার ২৬১ কোটি ডলারের রপ্তানি বেশি দেখিয়েছিল ইপিবি। ফলে ২০২১ থেকে ২০২৩ সাল পর্যন্ত ডব্লিউটিওর হিসাবে প্রকৃত চিত্র উঠে এসেছে কি না, তা নিয়ে সন্দেহ রয়েছে।

এদিকে করোনার আগে থেকে চীনের রপ্তানি কমলেও বিশ্ববাজারে এখনো দেশটি শীর্ষ তৈরি পোশাক রপ্তানিকারক। গত বছর (২০২৪ সাল) চীন ১৬৫ বিলিয়ন ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে। এ ক্ষেত্রে তাদের প্রবৃদ্ধি মাত্র দশমিক ৩০ শতাংশ। ২০১৭ সালে বিশ্বে তৈরি পোশাক রপ্তানিতে চীনের বাজার হিস্যা ছিল প্রায় ৩৫ শতাংশ। গত বছর সেটি কমে হয়েছে ২৯ দশমিক ৬৪ শতাংশে।

একক দেশ হিসেবে বিশ্বে তৃতীয় শীর্ষ তৈরি পোশাক রপ্তানিকারক দেশ ভিয়েতনাম। ২০২০ সালে দেশটি বাংলাদেশকে টপকে দ্বিতীয় শীর্ষ স্থান দখল করে নিয়েছিল। অবশ্য এক বছরের ব্যবধানে বাংলাদেশ আবার দ্বিতীয় শীর্ষ স্থান পুনরুদ্ধার করে। গত বছর ভিয়েতনাম ৩৪ বিলিয়ন ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে। এই রপ্তানি তার আগের বছরের তুলনায় ৯ শতাংশ বেশি। এ ছাড়া তাদের বাজার হিস্যাও কিছুটা বেড়ে ৬ শতাংশ ছাড়িয়েছে।

অন্য দেশের কী অবস্থান

ডব্লিউটিওর প্রতিবেদন অনুযায়ী, একক দেশ হিসেবে বিশ্বে তৈরি পোশাক রপ্তানিতে চতুর্থ ও পঞ্চম অবস্থানে রয়েছে যথাক্রমে তুরস্ক ও ভারত। গত বছর তুরস্ক ১৮ বিলিয়ন ও ভারত ১৬ বিলিয়ন ডলারের তৈরি পোশাক রপ্তানি করে। ২০২৩ সালের তুলনায় গত বছর তুরস্কের রপ্তানি ৪ শতাংশ কমলেও ভারতের বেড়েছে সাড়ে ৬ শতাংশ। আর বাজার হিস্যা তুরস্কের ৩ দশমিক ২১ শতাংশ এবং ভারতের ২ দশমিক ৯৪ শতাংশ।

বৈশ্বিক তৈরি পোশাক রপ্তানিতে একক দেশ হিসেবে ষষ্ঠ থেকে নবম অবস্থানে রয়েছে যথাক্রমে কম্বোডিয়া, পাকিস্তান, ইন্দোনেশিয়া ও যুক্তরাষ্ট্র। গত বছর কম্বোডিয়া ১০ বিলিয়ন, পাকিস্তান ৯ বিলিয়ন, ইন্দোনেশিয়া ৯ বিলিয়ন এবং যুক্তরাষ্ট্র ৭ বিলিয়ন ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে।

বিশ্ববাজারে শীর্ষ ৫ তৈরি পোশাক রপ্তানিকারক দেশ

দেশ	২০২৩	২০২৪	বাজার হিস্যা
চীন	১৬৫	১৬৫	২৯.৬৪%
বাংলাদেশ	৩৮	৩৮	৬.৯০%
ভিয়েতনাম	৩১	৩৪	৬.০৯%
তুরস্ক	১৯	১৮	৩.২১%
ভারত	১৫	১৬	২.৯৪%

সূত্র : ডব্লিউটিও *হিসাব বিলিয়ন ডলার

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা
রপ্তানি উন্নয়ন ব্যুরো

প্রথম আলো

0[illegible] JUL 2025

অর্থ উপদেষ্টা বললেন

যুক্তরাষ্ট্রের ঘোষিত শুল্ক চূড়ান্ত নয়

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

সালেহউদ্দিন আহমেদ

বাংলাদেশের পণ্যের ওপর যুক্তরাষ্ট্রের ঘোষিত শুল্ক চূড়ান্ত নয় বলে জানিয়েছেন অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ। তিনি বলেছেন, ওয়ান টু ওয়ান নিগোসিয়েশনের মাধ্যমে এটা ঠিক হবে। এ লক্ষ্যে আজ ৯ জুলাই ভোরে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির দপ্তরের (ইউএসটিআর) কর্মকর্তাদের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য প্রতিনিধিদের বৈঠক হবে।

বাংলাদেশি রপ্তানি পণ্যে যুক্তরাষ্ট্রের ৩৫ শতাংশ পাল্টা শুল্ক আরোপ করে গতকাল বাংলাদেশের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের কাছে চিঠি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এরপর এ নিয়ে গতকাল মঙ্গলবার সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বৈঠক শেষে তিনি সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে অর্থ উপদেষ্টা বলেন, 'ওখানে (যুক্তরাষ্ট্রে) আমাদের বাণিজ্য উপদেষ্টা আছেন। উনি তিন দিন আগে গেছেন। গতকাল বাণিজ্য মন্ত্রণালয়ের দল গেছে। ৮ তারিখে মিটিং। ওদের ৮ তারিখ মানে আজ বুধবার ভোরবেলা। মিটিংয়ের পর আমরা বুঝতে পারব।' তিনি বলেন, 'ইউএসটিআরের সঙ্গে আলাপ করবেন বাণিজ্য উপদেষ্টা। ওই বৈঠকের পর আপনারা বুঝতে পারবেন।'

বৈঠকে পরিস্থিতির কি কোনো উন্নতি হওয়ার আশা করা যায়? সাংবাদিকদের এমন প্রশ্নের উত্তরে সালেহউদ্দিন আহমেদ বলেন, 'আমরা আশা করি। যাই হোক, সেটার পরিপ্রেক্ষিতে আমরা অন্য পদক্ষেপগুলো নেব।'

অর্থ উপদেষ্টা বলেন, 'এটা ঠিক যে আমাদের ঘাটতি মাত্র ৫ বিলিয়ন ডলার। ভিয়েতনামের ১২৫ বিলিয়ন ডলার। ওখানে কিন্তু ওরা মোটামুটি ছাড় দিতে পারে। কিন্তু আমাদের এত কম বাণিজ্যঘাটতি, তাই এত শুল্ক দেওয়ার তো ন্যায্যতা থাকে না।'

ঢাকা।

প্রথম আলো
08 JUL 2025

শুল্কহার বাড়ল, নড়েচড়ে বসেছে সব দেশ

ট্রাম্পের নতুন পাল্টা শুল্ক

চিঠিতে ট্রাম্প স্পষ্ট করে বলেছেন, যদি কোনো দেশ পাল্টা শুল্ক আরোপ করে, তাহলে যুক্তরাষ্ট্র তাদের ওপর আরও বেশি শুল্ক বসাবে।

- বেশির ভাগ দেশের ক্ষেত্রেই শুল্কহার কিছুটা কমানো হয়েছে।
- বাড়ানো হয়েছে কেবল মালয়েশিয়ার ক্ষেত্রে।
- অনেকের ক্ষেত্রে শুল্কহার অপরিবর্তিত আছে।

অর্থ-বাণিজ্য ডেস্ক

গত ৯ জুলাই শুল্ক-যুদ্ধবিরতির মেয়াদ শেষ হলে কী হবে, তা নিয়ে বেশ কদিন থেকেই জল্পনা-কল্পনা ছিল। ট্রাম্প নিজেই তার অবসান ঘটালেন। গত সোমবার ১৪টি দেশকে চিঠি পাঠিয়ে জানিয়ে দিলেন, আগামী ১ আগস্ট থেকে যুক্তরাষ্ট্রে পণ্য রপ্তানি করতে চাইলে কী হারে শুল্ক দিতে হবে।

এ ঘোষণার পর ট্রাম্প জানান, তিনি এই সিদ্ধান্তে অনড় থাকবেন, যদিও শতভাগ অনড় থাকবেন না, সে কথাও বলেছেন। সোমবারের এ ঘোষণায় দেখা যাচ্ছে, গত ২ এপ্রিলের ঘোষিত শুল্কের চেয়ে এবার কিছুটা কমেছে। যাদের ওপর শুল্ক আরোপ করা হয়েছে, তারাও বসে নেই। সবাই আগে থেকেই আলোচনা চালিয়ে যাচ্ছে। এখন নতুন করে আবার আলোচনা করবে তারা। খবর সিএনএন।

দেখা যাচ্ছে, সোমবারের ঘোষণায় বাংলাদেশের পণ্যে ৩৫ শতাংশ, বসনিয়া হার্জেগোভিনার পণ্যে ৩০ শতাংশ, কম্বোডিয়ার পণ্যে ৩৬ শতাংশ, ইন্দোনেশিয়ার পণ্যে ৩২ শতাংশ, জাপানের পণ্যে ২৫ শতাংশ, কাজাখস্তানের পণ্যে ২৫ শতাংশ, লাওসের ৪০ শতাংশ, মালয়েশিয়ার ২৫ শতাংশ, মিয়ানমারের ৪১ শতাংশ, সার্বিয়ায় ৩৫ শতাংশ, দক্ষিণ আফ্রিকার ৩০ শতাংশ, দক্ষিণ কোরিয়ার ২৫ শতাংশ, থাইল্যান্ডের ৩৬ শতাংশ ও তিউনিসিয়ার পণ্যে ২৫ শতাংশ শুল্ক আরোপ করা হয়েছে।

এপ্রিলের সঙ্গে তুলনা করলে দেখা যায়, বেশির ভাগ দেশের ক্ষেত্রেই শুল্কহার কিছুটা কমানো হয়েছে। বাড়ানো হয়েছে কেবল মালয়েশিয়ার ক্ষেত্রে। আবার অনেকের ক্ষেত্রে শুল্কহার অপরিবর্তিত আছে।

এসব দেশের মধ্যে বাংলাদেশের মূল প্রতিযোগী দেশ নেই। বাংলাদেশের প্রতিযোগী দেশগুলোর মধ্যে চীন ও ভিয়েতনামের সঙ্গে যুক্তরাষ্ট্রের কাঠামোগত চুক্তি হয়েছে আরও আগেই। ভিয়েতনামের পণ্যে ২০ শতাংশ শুল্ক আরোপ করেছে যুক্তরাষ্ট্র। চীনের শুল্কহার এখনো প্রকাশ করা হয়নি।

চিঠিতে ট্রাম্প স্পষ্ট করে বলেছেন, যদি কোনো দেশ পাল্টা শুল্ক আরোপ করে, তাহলে যুক্তরাষ্ট্র তাদের ওপর আরও বেশি শুল্ক বসাবে। এসব শুল্কহারের সঙ্গে খাতভিত্তিক শুল্ক আলাদা থাকবে, যেমন গাড়ির ওপর ২৫ শতাংশ যে শুল্ক আছে, তার সঙ্গে নতুন শুল্ক যোগ হবে না, এটি হোয়াইট হাউস নিশ্চিত করেছে। ভবিষ্যতে অন্য খাতে আলাদা শুল্ক এলেও তার ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হবে।

ট্রাম্প ইউরোপীয় ইউনিয়নের বিরুদ্ধে বারবার শুল্ক আরোপের হুমকি দিলেও তাদের উদ্দেশে চিঠি পাঠানো হয়নি বলে ইউরোপীয় কমিশনের মুখপাত্র ওলোফ গিল বলেন, 'যে চিঠি আমরা এখনো হাতে পাইনি, তা নিয়ে মন্তব্য করব না।'

আয়ারল্যান্ডের পররাষ্ট্র ও বাণিজ্যমন্ত্রী সাইমন হ্যারিস জানান, 'আমার ধারণা, এখন যুক্তরাষ্ট্র ও ইইউর মধ্যে পারস্পরিকভাবে লাভজনক সমঝোতা চূড়ান্ত করতে ১ আগস্ট পর্যন্ত স্থিতাবস্থার মেয়াদ বাড়ানো হতে পারে।'

যেসব দেশ চিঠি পেয়েছে, তারা সময়সীমা বাড়ানোর সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। তারা যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা চালিয়ে যাওয়ার আগ্রহ প্রকাশ করেছে। জাপানের প্রধানমন্ত্রী শিগেরু ইশিবা গতকাল মঙ্গলবার সকালে মন্ত্রিসভার টাস্কফোর্স বৈঠকে বসেন। তিনি জানান, যুক্তরাষ্ট্রের অতিরিক্ত শুল্ক আরোপ ও শুল্কহার বাড়ানোর ঘোষণায় জাপান দুঃখ প্রকাশ করছে। তিনি বলেন, উভয় দেশের জন্য লাভজনক দ্বিপক্ষীয় চুক্তির লক্ষ্যে আলোচনা অব্যাহত থাকবে।

দক্ষিণ কোরিয়ার অর্থ মন্ত্রণালয় এক বিবৃতিতে জানায়, তারা পরিস্থিতির ওপর নজর রাখছে। তবে বাজারে অতি অস্থিরতা দেখা দিলে সরকার 'তাৎক্ষণিকভাবে দৃঢ় পদক্ষেপ নেবে'। যদিও কী ধরনের পদক্ষেপ নেওয়া হবে, তা খোলাসা করা হয়নি।

থাইল্যান্ড এখনো ৩৬ শতাংশ শুল্কের সম্মুখীন। তবে দেশটির অর্থমন্ত্রী পিচাই চুনহাভাজিরা বলেন, শুল্কের হার আরও প্রতিযোগিতামূলক করা যাবে; এ নিয়ে আলোচনা সম্ভব। তিনি জানান, যুক্তরাষ্ট্রকে প্রস্তাব পাঠানো হয়েছে।

